



শনিবার ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির পঞ্চম সমাবর্তন অনুষ্ঠানে এক কৃতি শিক্ষার্থীকে পদক পরিয়ে দেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ

ফটো রিলিজ

শিক্ষা আধুনিক ও প্রযুক্তিনির্ভর করতে হবে

শিক্ষামন্ত্রী

■ সমকাল প্রতিবেদক
শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, সমকালীন বিশ্বের সঙ্গে তাল মিলিয়ে দক্ষ মানবসম্পদ হিসেবে গড়ে তোলার ক্ষেত্রে শিক্ষার্থীদের আধুনিক জ্ঞানবিজ্ঞান ও প্রযুক্তিনির্ভর শিক্ষায় শিক্ষিত হতে হবে। জ্ঞানভিত্তিক সমাজ বিনির্মাণ ও ডিজিটাল বাংলাদেশ গড়তে বেসরকারি বিশ্ববিদ্যালয়গুলোকে অধিকতর কার্যকর ভূমিকা রাখতে হবে।

গতকাল শনিবার ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির পঞ্চম সমাবর্তন অনুষ্ঠানে সভাপতির বক্তৃতায় শিক্ষামন্ত্রী এ কথা বলেন। বিশ্ববিদ্যালয়ের আচার্য ও রাষ্ট্রপতি মো. আবদুল হামিদের পক্ষে তার প্রতিনিধি হিসেবে শিক্ষামন্ত্রী সমাবর্তন অনুষ্ঠানে সভাপতিত্ব করেন। রাজধানীর মাদানি এভিনিউয়ে বিশ্ববিদ্যালয়ের স্থায়ী ক্যাম্পাসে এর আয়োজন করা হয়। সমাবর্তন অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের চেয়ারম্যান অধ্যাপক আবদুল মান্নান। সমাবর্তন বক্তা হিসেবে ছিলেন বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের বিদ্যুৎ বিভাগের সচিব ড. আহমদ কায়কাউস।

সমাবর্তনে ৯৬২ শিক্ষার্থীকে গ্র্যাজুয়েশন ও পোস্টগ্র্যাজুয়েশন ডিগ্রি এবং কৃতিত্বপূর্ণ ফলের জন্য চারজনকে স্বর্ণপদক দেওয়া হয়। অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বক্তব্য দেন ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির বোর্ড অব ট্রাস্টিজের চেয়ারম্যান হাসান মাহমুদ রাজা।

সমাবর্তন বক্তা ড. আহমদ কায়কাউস শিক্ষার্থীদের উদ্দেশ্যে বলেন, ■ পৃষ্ঠা ১৭ : কলাম ৮

শিক্ষা আধুনিক

[দ্বিতীয় পৃষ্ঠার পর]

এই অর্জিত জ্ঞান শুধু সার্টিফিকেট লাভের উদ্দেশ্যে সীমাবদ্ধ না রেখে দেশ ও জাতির সেবায় আত্মনিয়োগ করতে হবে।

ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির ভাইস চ্যান্সেলর (ডেপুটি) অধ্যাপক ড. চৌধুরী মোফিজুর রহমান শিক্ষার্থীদের ভালো মানুষ হওয়ার পাশাপাশি সমাজ ও দেশের মানুষের কল্যাণে আত্মনিয়োগ করার আহ্বান জানান।

বিশ্ববিদ্যালয়ের বোর্ড অব ট্রাস্টিজের ভাইস চেয়ারম্যান ফরিদুর রহমান খান পঞ্চম সমাবর্তন অনুষ্ঠান সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য সংশ্লিষ্টদের প্রতি কৃতজ্ঞতা জানান।